



ISO 9001:2015 Certified

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী।

টেলিফোন : ০২২৩৩৪৪- ৭২৩০০, ৭৪৭০৭
ওয়েব : pbs.feni.gov.bd
ই-মেইল: fenipbs84@gmail.com



স্মারক নং- ২৭.১২.৩০২৯.৫১৬.০১.০০৮.২৬. ৬৭২৭

তারিখঃ ০৯ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ।
২৪ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ।

“নিলাম দরপত্র বিজ্ঞপ্তি”

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী এর নিম্নবর্ণিত ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ ও বিভিন্ন সাইজের তারের খালি ড্রাম “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠান/ এজেন্সীর নিকট হতে সাদা কাগজে/ প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছেঃ


ক্রঃ নং	বিবরণ	পরিমাণ	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)
০১	ষ্টোরে রক্ষিত ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ ও বিভিন্ন সাইজের তারের খালি ড্রাম	৪০০০ কেজি (কম/বেশি হতে পারে)		

শর্তাবলীঃ

- ০১। আগ্রহী দরদাতাগণ আগামী ০৮/১০/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী-তে সংরক্ষিত টেন্ডার বাঞ্চে দাখিল করতে হবে। খামের উপরে “নিলামে বিক্রয়যোগ্য ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ ও বিভিন্ন সাইজের তারের খালি ড্রাম” লিখতে হবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২। দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ আগামী ০৮/১০/২০২৬ খ্রিঃ বেলা ১২:০৫ ঘটিকায় ফেনী পবিস সদর দপ্তর মহিপাল, ফেনী-তে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। দরদাতাকে নিরাপত্তা জামানত হিসেবে মোট উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে যে কোন তফসীলি ব্যাংক হতে ফেনী পবিস এর অনুকূলে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ব্যতীত দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে বিবেচিত হবে।
- ০৪। উল্লিখিত ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ ও বিভিন্ন সাইজের তারের খালি ড্রাম আগামী ০৭/১০/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন ফেনী পবিস এর প্রশাসন বিভাগে যোগাযোগ করে পরিদর্শন করা যাবে।
- ০৫। সর্বোচ্চ ও গ্রহণযোগ্য দরদাতাকে দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত কালেকশনের পর মালামাল হস্তান্তর সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য এবং দরপত্রে উদ্ধৃত মোট মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর নগদ/ পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে ফেনী পবিসের অনুকূলে পরিশোধ করে নির্দিষ্ট সময়ের মধ্যে বর্ণিত মালামালসমূহ নিজ খরচে অত্র সমিতি হতে গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত বাবদ প্রদত্ত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ০৬। দরপত্র সম্পর্কে কারো জিজ্ঞাসা থাকলে/ব্যখ্যার প্রয়োজন হলে দরপত্র খোলার নির্ধারিত তারিখের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন স্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ০৭। মালামাল সরবরাহের সময় কম/ বেশী হলে মূল্য সমন্বয় করা হবে।


চলমান পাতা

- ০৮। দরদাতা প্রতিষ্ঠান হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের **এড লাইসেন্স** এর সত্যায়িত ফটোকপি এবং ব্যক্তি হলে **জাতীয় পরিচয় পত্রের** সত্যায়িত ফটোকপি দরপত্রের সাথে সংযুক্ত করে দর প্রস্তাব দাখিল করতে হবে (সত্যায়ন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক হতে হবে)।
- ০৯। শর্ত বহির্ভূত কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। দরপত্র দলিলে উল্লেখিত শর্তাবলী অত্র নিলাম দরপত্র বিজ্ঞপ্তির শর্ত বলে বিবেচিত হবে।
- ১১। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহন/বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(মুহুরতঃ নুরুল হোসাইন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়) ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

- ০১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী।
- ০২। পুলিশ সুপার, ফেনী।
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন, বাপবিবো, চট্টগ্রাম
- ০৪। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, ----- পবিস/ ১/২/৩/৪।
- ০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা -সদর/ সোনাগাজী /ছাগলনাইয়া/ফুলগাজী /দাগনভূঞা/পরশুরাম উপজেলা, ফেনী।
- ০৮। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ফেনী।
- ০৯। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ফেনী।
- ১০। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ফেনী।
- ১১। ডিজিএম-ছাগলনাইয়া/ফুলগাজী/দাগনভূঞা/সোনাগাজী/পরশুরাম জোনাল অফিস, সদর দপ্তর-কারিগরি ফেনী পবিস।
- ১২। সহকারী প্রকৌশলী (এসওডি) বাপবিবো, ফেনী।
- ১৩। এজিএম (অর্থ), ফেনী পবিস।
- ১৪। এজিএম (আইটি), ফেনী পবিস (ওয়েব সাইটে প্রকাশ এবং প্রমাণক সংরক্ষণ করবেন)।
- ১৫। নোটিশ বোর্ড, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি।


(মুহুরতঃ নুরুল হোসাইন)
সিনিয়র জেনারেল ম্যানেজার